**কৃষিই সমৃদ্ধি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০৪.১৯-০২ তারিখঃ ০৬ -০১-২০২৫খ্রিঃ

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের উপর অনুষ্ঠিত প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ২০২৪-২৫ অর্থ বছরের এডিপিভূক্ত নিম্নোক্ত ০৪ (চার)টি প্রকল্পের উপর গত ৩০/১২/২০২৪ খ্রি. তারিখ প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

ক) কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্প (১ম সংশোধিত)।
খ) কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)।
গ) আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)।
ঘ) শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন প্রকল্প।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন পরবর্তী প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য এবং অনুমোদিত ডিপিপির নির্দেশনা মোতাবেক প্রতি ০৩ (তিন) মাস পরপর সভা আহবানের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে সভার নোটিশসহ কার্যপত্র সম্মানীত সদস্যদের বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ।

৬/১/২৫

তৌহিদ মোঃ রাশেদ খান
সহকারী পরিচালক (পিপি)
ফোনঃ০২-৫৫০২৮৪৩৮
e-mail: rkshahu@gmail.com

**কার্যার্থে অনুলিপিঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

১। প্রকল্প পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্প, খামারবাড়ি, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন প্রকল্প, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন প্রকল্প।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃঃআঃ অতিরিক্ত সচিব (পরিকল্পনা অনুবিভাগ), কৃষি মন্ত্রণালয়)।
২। পরিচালক (সকল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৩। উপপরিচালক (পিপি), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৪। ফোকাল পয়েন্ট, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৫। সহকারী পরিচালক (প্রশাসন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৬। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি,ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। মহাপরিচালক মহোদয়েরএকান্ত সচিব, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি,ফার্মগেট
ঢাকা-১২১৫।

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন"আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্পের" ২০২৪- ২০২৫ অর্থবছরে অনুষ্ঠিত প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) এর ৯ম সভার কার্যবিবরণীঃ**

সভাপতি :জনাব মোঃমাসুদ করিম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর।

সভার স্থান : সম্মেলন কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা ও Zoom Platform।

তারিখ : ৩০/১২/২০২৪ খ্রিঃ।

সময় : ০৩:৩০ ঘটিকায়, রোজঃ সোমবার।

উপস্থিতিঃ (পরিশিষ্ট-"ক") কৃষি মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট প্রতিনিধিগণ, পরিকল্পনা কমিশন এর সংশ্লিষ্ট প্রতিনিধি, আইএমইডি এর সংশ্লিষ্ট প্রতিনিধি, একনেক অনুবিভাগ এর সংশ্লিষ্ট প্রতিনিধি, মহাপরিচালক (কৃষি বিপণন অধিদপ্তর),স্থানীয় সরকার প্রকৌশলী (এলজিইডি) এর সংশ্লিষ্ট প্রতিনিধি এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও উপ প্রকল্প পরিচালকসহ অন্যান্য কর্মকর্তা।

**১.০ উপস্থাপনাঃ**

সভাপতি উপস্থিত ও Zoom Platform এ সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক জানান যে, "আলুর বহুমূখী ব্যবহার, সংরক্ষণ ও বিপণন উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)" টি বিগত ১৫-০৬-২০২২ তারিখে মোট ৪২৭৬.৭৪ লক্ষ (বিয়াল্লিশ কোটি ছিয়াত্তর লক্ষ চুয়াত্তর হাজার) টাকা (সম্পূর্ণ জিওবি) প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০২২ থেকে জুন, ২০২৬ মেয়াদে কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের জন্য পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত হয় এবং বিগত ২১-০৬-২০২২ তারিখে প্রকল্পটির অনুকূলে কৃষি মন্ত্রণালয় হতে প্রশাসনিক আদেশ জারি করা হয়। এছাড়া প্রকল্পটি গত ২৫-০৬-২০২৪ তারিখে মোট ৪৯১৪.৫২ লক্ষ (উনপঞ্চাশ কোটি চৌদ্দ লক্ষ বায়ান্ন হাজার) টাকা (সম্পূর্ণ জিওবি) প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়ন মেয়াদ অপরিবর্তিত রেখে অনুমোদিত হয়। তিনি প্রকল্পের সংক্ষিপ্ত ইতিহাস বাজেট বরাদ্দ, প্রকল্প কর্মকান্ডের বাস্তবায়ন অগ্রগতি, ২০২৪-২৫ অর্থবছরের প্রধান প্রধান খাত সমূহের ক্রয় ও কর্ম পরিকল্পনা ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন।

**২.০ আলোচনাঃ**

**২.১: প্রকল্পের গুরুত্বপূর্ণ কার্যক্রম সম্পর্কিত আলোচনাঃ**

প্রকল্প পরিচালক জানান, বর্তমান প্রেক্ষাপটে প্রকল্পটি খুবই গুরুত্বপূর্ণ। তিনি বলেন, প্রকল্পের আতওায় দেশের সবচেয়ে অধিক আলু উৎপাদনকারী ১৬টি জেলার (মুন্সীগঞ্জ, চট্টগ্রাম, কুমিল্লা, চাঁদপুর, রংপুর, কুড়িগ্রাম, নীলফামারী, গাইবান্ধা, লালমনিরহাট, দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড়, রাজশাহী, নওগাঁ, বগুড়া ও জয়পুরহাট) ৭৬টি উপজেলায় ৭০৩টি আলুর সংরক্ষণের অহিমায়িত মডেল ঘর নির্মাণ ও ৭০৩টি কৃষক বিপণন দল গঠন করা হবে। আলুর বহুমূখী ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে ১২০ ব্যাচে মোট ৩০০০ জন শিক্ষিত গৃহিনী, হোটেল ও রেস্টুরেন্টের কুক, বেকার যুবক/তরুনী, ক্ষুদ্র ও মাঝারী

মানের খাদ্য প্রক্রিয়াজাতকারীকে উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হবে। সফল উদ্যোক্তা হওয়ার মত আগ্রহী ও কর্মঠ ব্যাক্তি নির্বাচন পূর্বক ২১৬ জনকে ১১টি আইটেমের আলু প্রক্রিয়াজাতকরণ যন্ত্রপাতির একটি করে প্যাকেজ সরবরাহের মাধ্যমে কর্মসংস্থান ও আর্থসামাজিক অবস্থার উন্নয়ন করা হবে। আলু রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে রপ্তানিকারকগণের সাথে আলু চাষী ও প্রক্রিয়াজাতকারীগণের সংযোগ স্থাপন করা হবে।

**২.২: ২০২৪-২০২৫ অর্থবছরের বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত আলোচনাঃ**

প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পটির ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি বরাদ্দ ৭১৪.০০ লক্ষ টাকা [রাজস্ব ৪৬০.০০ ও মূলধন ২৫৪.০০ লক্ষ টাকা]। যার মধ্যে ২০২৪-২০২৫ অর্থবছরের অগ্রগতি জুলাই, ২০২৪- ডিসেম্বর, ২০২৪ পর্যন্ত) ৮০.০০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে (১১.২০%)। প্রকল্প শুরু থেকে ডিসেম্বর, ২০২৪ খ্রিঃ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত অগ্রগতি ২৮৪৬.৪২ লক্ষ টাকা (৫৭.৯২%)। চলতি অর্থ বছরে নির্ধারিত ২৩১টি মডেল ঘরের মধ্যে ইতোমধ্যে ১৩০টি মডেল ঘরের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। আগামী সপ্তাহে ১০০ ঘরের বিল পরিশোধ করা হবে।

**২.৩: ২০২৪-২০২৫ অর্থবছরের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ**

সভায় অবহিত করা হয় যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের এডিপি বরাদ্দ ৭১৪.০০ লক্ষ টাকা [রাজস্ব ৪৬০.০০ ও মূলধন ২৫৪.০০ লক্ষ টাকা। এডিপি অনুযায়ী প্রধান প্রধান কার্যক্রম হলো- আলু সংরক্ষণের মডেল ঘর নির্মাণ-২৩১টি, প্রদর্শনী বোর্ড ক্রয় ও স্থাপন-২৩০টি, কৃষক বিপণন দলের প্রশিক্ষণ-১৮৩ ব্যাচ, মাঠ দিবস আয়োজন-১১২ ব্যাচ, টিভি ফিলার তৈরী-০১টি এবং মধ্যবর্তী মূল্যায়ন-০১টি। বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী সকল দরপত্র আহবান সম্পন্ন হয়েছে। মালামাল ক্রয় সংক্রান্ত ৩টি দরপত্রের মধ্যে ২টির কার্যাদেশ প্রদান করা হয়েছে অবশিষ্ট ১টি মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের জন্য প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। সেবা ক্রয় সংক্রান্ত ১টি দরপত্র আহবান শেষে মূল্যায়ন কার্যক্রম চলমান। লক্ষ্যমাত্রার বিপরীতে ইতোমধ্যে ১৩০টি আলু সংরক্ষণের অহিমায়িত মডেল ঘর নির্মাণ করা হয়েছে ও অবশিষ্ট মডেল ঘর নির্মাণ কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করা হবে। ২টি আরএফকিউ এর লক্ষ্যমাত্রার বিপরীতে ১টির কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং অবশিষ্ট ১টির মূল্যায়ন কার্যক্রম চলমান।

**২.৫: বিবিধঃ**

সংশোধিত ডিপিপি অনুযায়ী ২০২৪-২৫ অর্থ বছরে ২৩১টি মডেল ঘর নির্মানের লক্ষ্যমাত্রা রয়েছে। সে অনুযায়ী ঠিকাদারী প্রতিষ্ঠান ১০০টি মডেল ঘর নির্মাণ পূর্বক প্রকল্প দপ্তরে বিল প্রেরণ করেছেন। ২০২৪-২৫ অর্থ বছরে মোট ১৩৪৬.০০ (তের কোটি ছেচল্লিশ লক্ষ) টাকা পুনঃবরাদ্দ প্রস্তাব পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত হয়েছে। প্রস্তাবিত পুনঃবরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে উক্ত বিল পরিশোধ করা হবে। কৃষি মন্ত্রণালয়ের এডিপি সভার সিদ্ধান্ত মোতাবেক ২০২৪-২৫ অর্থবছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহ ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল কর্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে। অর্থবছরের ২য় কোয়ার্টারে ক্রয় পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। দরপত্রের কার্যক্রমে প্রকল্প পরিচালকগণের সক্ষমতা বৃদ্ধি করতে হবে। দরপত্র কার্যক্রম বিধিমোতাবেক স্বচ্ছতার সাথে এবং সকল প্রকার স্বজনপ্রীতির উর্দ্ধে উঠে সম্পাদন করতে হবে। এ কাজে কোনো রকম ব্যাপ্তয় পরিলক্ষিত হলে সংশ্লিষ্টরা দায়ী হবেন। প্রস্তাবিত আরএডিপি মোতাবেক বাস্তবায়ন পরীবিক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কর্তৃক পরিচালিত e-PMIS এ চলমান সকল প্রকল্প পরিচালকদের প্রকল্পের চাহিত তথ্য ১৫ কার্যদিবসের মধ্যে এন্ট্রি নিশ্চিত করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। প্রকল্পের আওতায় তৈরীকৃত "সফল উদ্যোক্তাদের গল্প" বই আকারে মূদ্রণ করে কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। প্রকল্পের কর্মকর্তাগণ প্রতিমাসে প্রকল্প এলাকার মাঠ পর্যায়ের সরোজমিনে পরিদর্শণ করে প্রকল্পের অগ্রগতি বিষয়ে প্রতিবেদন দাখিল করবেন।

৩.০ সিদ্ধান্তঃ

উপস্থিত এবং সংযুক্ত সকল সদস্যের বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৩.১: প্রকল্পের আওতায় নির্মিত ২০২৪-২০২৫ অর্থবছরে আলু সংরক্ষণের অহিমায়িত মডেল ঘর নির্মাণ কাজ দ্রুত সময়ের মধ্যে শেষ করতে হবে এবং আলু সংরক্ষণ নিশ্চিত করতে হবে;

৩.২: সিডিউল ও স্পেসিফিকেশন অনুযায়ী মডেল ঘর নির্মাণ নিশ্চিত করতে হবে। ঘরের মাপ/সাইজ যেন সঠিক থাকে সেদিকে খেয়াল রাখতে হবে। মডেল ঘর নির্মাণে মান সম্পন্ন উপকরণ (ইট, সিমেন্ট, রড, বাঁশ, কাঠ, টিন) ব্যবহার নিশ্চিত করতে হবে;

৩.৩ দরপত্রের কার্যক্রমে প্রকল্প পরিচালকগণের সক্ষমতা বৃদ্ধি করতে হবে। দরপত্র কার্যক্রম বিধিমোতাবেক স্বচ্ছতার সাথে এবং সকল প্রকার স্বজনপ্রীতির উর্দ্ধে উঠে সম্পাদন করতে হবে। এ কাজে কোনোরকম ব্যত্যয় পরিলক্ষিত হলে সংশ্লিষ্টরা দায়ী হবেন।

৩.৪ : প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে এবং মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে। এবং

৩.৫ : প্রকল্পের আওতায় তৈরীকৃত “সফল উদ্যোক্তাদের গল্প” বই আকারে মূদ্রণ করে কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করতে হবে।

অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/২/২০২৫

মোঃ মাসুদ করিম
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর।

**কৃষিই সমৃদ্ধি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ (১ম সংশোধিত) প্রকল্প
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট,ঢাকা-১২১৫।
www.dam.portal.gov.bd

**বিষয়ঃ "কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ২০২৪-২৫ অর্থ বছরের প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) ৯ম সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মাসুদ করিম |
| | : | মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর। |
| স্থান | : | সম্মেলন কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, **Online** (Zoom platform)। |
| তারিখ | : | ৩০/১২/২০২৪খ্রিঃ। |
| সময় | : | সকাল ০২:৩০ ঘটিকা। |

**সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকাঃ পরিশিষ্ট-"ক"**

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানান। অতঃপর তিনি কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মোঃ মফিদুল ইসলামকে সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করার অনুরোধ জানান। সে প্রেক্ষিতে প্রকল্প পরিচালক আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন।

তিনি সভাকে অবহিত করেন যে, প্রকল্পটি মূলত: অবকাঠামো নির্মাণধর্মী। প্রকল্পের আওতায় ১৯টি জেলায় মোট ১৯টি অফিস কাম ট্রেনিং সেন্টার নির্মাণের সংস্থান রয়েছে। এবং ময়মনসিংহ বিভাগীয় শহরে কৃষি তথ্য সার্ভিসের ৬ তলা ফাউন্ডেশন বিশিষ্ট ভবনের উর্ধ্বমূখী সম্প্রসারণ করে ৪র্থ ও ৫ম তলা ও বরিশাল বিভাগীয় শহরে পাঁচ তলা ফাউন্ডেশন বিশিষ্ট চার তলা ভবন নির্মাণ করা হবে। তিনি জানান যে, আরডিপিপি অনুযায়ী ১৭(সতের)টি জেলায় জমি অধিগ্রহণের সংস্থান আছে এবং ইতোমধ্যে ১০টি জেলায় ভূমি অধিগ্রহণ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ০৭টি জেলার মধ্যে গাজীপুর জেলায় জমি অধিগ্রহণের চূড়ান্ত ব্যয় প্রাক্কলন কৃষি মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। কুড়িগ্রাম জেলায় খাস জমি দীর্ঘ মেয়াদী বন্দোবস্তের জন্য জেলা প্রশাসক হতে চাহিত সকল তথ্যাদি প্রেরণ করা হয়েছে। কুড়িগ্রাম জেলার কৃষি বিপণন কর্মকর্তা অবহিত করেন যে, চূড়ান্ত ব্যয় প্রাক্কলনের কাজ চলমান রয়েছে এবং জেলা প্রশাসক হতে চূড়ান্ত ব্যয় প্রাক্কলন পাওয়ার পর দ্রুত অর্থমন্ত্রণালয়ের পূর্বানুমতির জন্য প্রস্তাব প্রেরণ করা হবে। তাছাড়া পঞ্চগড়, কক্সবাজার, দিনাজপুর ও হবিগঞ্জ জেলার ভূমি অধিগ্রহণের জন্য চূড়ান্ত প্রস্তাব জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়েছে। কক্সবাজার জেলায় ২৫ শতাংশ জমির অধিগ্রহণে জটিলতার কারণে অন্য জমি অনুসন্ধান করা হচ্ছে বলে সংশ্লিষ্ট জেলার কর্মকর্তা অবহিত করেন। অতপর প্রকল্প পরিচালক আরো জানান যে, বরিশাল জেলার প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে। এ প্রেক্ষিতে পরিবেশ, নগর উন্নয়ন ও ইউনিয়ন পরিষদের অনাপত্তির জন্য পত্র প্রেরণ করা হয়েছে। শেরপুর জেলার জেলা প্রশাসক হতে প্রাথমিক প্রস্তাব পাওয়ার প্রেক্ষিতে কৃষি মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে এবং স্থানীয় সরকাররের অনাপত্তি পাওয়া গেছে। তাছাড়া যথাশীঘ্রই পরিবেশ অধিদপ্তরের অনাপত্তি পাওয়া যাবে বলে সংশ্লিষ্ট কর্মকর্তা অবহিত করেন। এ ছাড়াও বগুড়া জেলায় একটি জমির অনুসন্ধান পাওয়া গেছে বলে সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, বগুড়া অবহিত করেন। এ প্রেক্ষিতে জরুরী ভিত্তিতে প্রস্তাবিত জমি পরিদর্শন করে প্রাথমিক প্রস্তাব জেলা প্রশাসক, বগুড়া বরাবর প্রেরণ করা হবে। প্রকল্প পরিচালক সভায়

আরো উল্লেখ করেন যে, জমি অধিগ্রহণ খাতে যে টাকা রয়েছে তা দিয়ে সকল জমি অধিগ্রহণ করা সম্ভব নয়। তাই ডিপিপি সংশোধন করে নির্মাণ খাতের উদ্বৃত্ত টাকা জমি অধিগ্রহণ খাতে উপযোজন করে নেওয়া যেতে পারে। প্রকল্প পরিচালক সভায় জানান প্রকল্পের মাধ্যমে অধিগ্রহণকৃত জমি এবং ডিএই ও বিএডিসি হতে প্রাপ্ত জমিসহ মোট ১৫টি জেলায় নির্মাণ কাজ চলমান রয়েছে। পাঁচটি জেলায় নির্মাণ কাজ শেষ পর্যায়ে এবং অন্য পাঁচটি জেলায় নির্মাণ কাজ ৬৫-৭০% শেষ হয়েছে। তাছাড়া চারটি জেলায় নির্মাণ কাজও ২৫-৩০% সম্পন্ন হয়েছে। ২১টি জেলায় নির্মাণ কাজ বর্তমান প্রকল্প মেয়াদ অর্থাৎ ৩০ জুন, ২০২৫ এর মধ্যে শেষ করা সম্ভব হবে না বিধায় প্রকল্প পরিচালক প্রকল্পের মেয়াদ আরও এক বছর বৃদ্ধি করে ডিপিপি সংশোধন করা যেতে পারে মর্মে প্রকল্প স্টিয়ারিং কমিটির সভায় সিদ্ধান্ত হয়েছে বলে জানান। এ দিকে সভার সভাপতি সভায় উপস্থিত ও জুমে সংযুক্ত সকল সদস্যগণের মতামত জানতে চাইলে কৃষি মন্ত্রণালয়ের পরিকল্পনা শাখার যুগ্মসচিব জনাব মোহাম্মদ এনামুল হক জানান যে, আমি সম্প্রতি কুষ্টিয়া জেলায় ভ্রমণ করে সেখানকার অফিস কাম ট্রেনিং সেন্টার নির্মাণ কাজ পরিদর্শন করি, তাতে লক্ষ্য করি যে, নির্মাণ কাজগুলোর জন্য তদারকি বৃদ্ধি করা প্রয়োজন। নির্মাণ কাজের গুণমান সন্তোষজনক বলে মতামত ব্যক্ত করেন। সভায় সভাপতি প্রকল্প পরিচালককে খুবদ্রুত সময়ের মধ্যে পিএসসি সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পের মেয়াদ আরও এক বছর বৃদ্ধি করার জন্য নির্দেশনা প্রদান করেন।

প্রকল্প পরিচালক আরও জানান, ২০২৪-২৫ অর্থ বছরে এডিপিতে বরাদ্দ রয়েছে ১০০০০.০০ লক্ষ টাকা। তন্মধ্যে রাজস্ব খাতে ১৪৩.০০ লক্ষ টাকা ও মূলধন খাতে ৯৮৫৭.০০ লক্ষ টাকা। প্রস্তাবিত এডিপি বরাদ্দ মোতাবেক প্রকল্পের বার্ষিক কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা প্রণয়ন সংস্থা প্রধান মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তরের অনুমোদন গ্রহণ করা হয়েছে।

**আলোচ্য সূচী-১:** ০৪ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর উপর কোন সংশোধন না থাকায় কার্যবিবরনীটি নিশ্চিত করা হয়।

০৪ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি:

| ক্র. | সভার সিদ্ধান্ত | গৃহীত ব্যবস্থা |
|---|---|---|
| ১ | যৌক্তিক খাতসমূহে ব্যয় বৃদ্ধি/ No Cost এ প্রকল্পের মেয়াদ দুই বছর বৃদ্ধির জন্য ডিপিপি সংশোধনের প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | যৌক্তিক খাতসমূহে ব্যয় বৃদ্ধি/ No Cost এ প্রকল্পের মেয়াদ দুই বছর বৃদ্ধির জন্য ডিপিপি সংশোধনের কাজ চলমান রয়েছে। |
| ২ | সুনামগঞ্জ ও গাজীপুর জেলায় ভূমির ক্ষতিপূরণ/মূল্য পরিশোধের জন্য কৃষি মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থমন্ত্রণালয়ে প্রেরিত প্রস্তাবের বিষয়ে যোগাযোগপূর্বক দ্রুত পূর্বানুমোদন প্রাপ্তির ব্যবস্থা করতে হবে। | গাজীপুর জেলার ভূমির ক্ষতিপূরণ/মুল্য পরিশোধের জন্য কৃষি মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ মন্ত্রণালয়ে যোগাযোগপূর্বক পুনরায় প্রস্তাব প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য যে, সুনামগঞ্জ জেলায় জমির মূল্য পরিশোধ করা হয়েছে। |
| ৩ | প্রকল্পের আওতায় যে ০৫ (পাঁচ)টি জেলায় ভবন নির্মাণ কাজ সমাপ্তের পথে সেসকল জেলায় নির্মাণ কাজ দ্রুত শেষ করে হস্তান্তর গ্রহণ করতে হবে এবং অন্যান্য জেলাসমূহের চলমান নির্মাণ কাজ দ্রুত শেষ করার জন্য তাগিদ দিতে হবে। | প্রকল্পের আওতায় সাতক্ষীরা, চাঁপাইনবাবগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া, পাবনা ও পিরোজপুর জেলার নির্মাণ কাজ আগামী ১ মাসের মধ্যে সম্পন্ন করে হস্তান্তর করবে বলে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণ আস্বস্ত করেছেন এবং অন্যান্য জেলাসমূহের চলমান নির্মাণ কাজ দ্রুত শেষ করার জন্য পত্র দেওয়া হয়েছে। |

| ক্র. | সভার সিদ্ধান্ত | গৃহীত ব্যবস্থা |
| --- | --- | --- |
| ৪ | বার্ষিক ক্রয়পরিকল্পনা চূড়ান্ত করে সেপ্টেম্বর ২০২৪ মাসের মধ্যে সকল দরপত্র আহবান করতে হবে। | বার্ষিক ক্রয়পরিকল্পনা চূড়ান্ত করে দ্রুত সকল দরপত্র আহবান করার কাজ চলমান। |
| ৫ | কৃষি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন সকল প্রকল্পের ২০২৪-২৫ অর্থ বছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুতপূর্বক সচিব, কৃষি মন্ত্রণালয় বরাবর প্রেরণ করতে হবে। | কৃষি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন সকল প্রকল্পের ২০২৪-২৫ অর্থ বছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুতপূর্বক সচিব, কৃষি মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়েছে। |
| ৬ | প্রকল্পের আওতায় সংগৃহীতব্য পণ্য/কার্য ও সেবাসমূহের ক্রয়কারী প্রাক-যোগ্যতার আদর্শ দলিলসমূহ (Standard Documents) ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) কর্তৃক অনুমোদন, দরপত্র আগ্রহব্যক্তকরণের অনুরোধ সম্বলিত বিজ্ঞাপন পিপিআর-২০০৮ এর বিধি ৯০(২) মোতাবেক নির্ধারিত ছকে অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে ও পত্রিকায় প্রকাশ করতে হবে । | প্রকল্পের আওতায় সংগৃহীতব্য পণ্য/কার্য ও সেবাসমূহের ক্রয়কারী প্রাক-যোগ্যতার আদর্শ দলিলসমূহ (Standard Documents) ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) কর্তৃক অনুমোদন, দরপত্র আগ্রহব্যক্তকরণের অনুরোধ সম্বলিত বিজ্ঞাপন পিপিআর-২০০৮ এর বিধি ৯০(২) মোতাবেক নির্ধারিত ছকে অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে ও পত্রিকায় প্রকাশ করা হবে । |
| ৭ | সকল প্রকল্প/ কর্মসূচির আওতায় সংগৃহীতব্য পণ্য/কার্য ও সেবাসমূহের সকল দরপত্র সংশ্লিষ্ট প্রকল্পের সদর দপ্তর ও কৃষি বিপণন অধিদপ্তরের প্রধান কার্যালয় হতে বিক্রয়ের ব্যবস্থা চালু করতে হবে । | সকল প্রকল্প/ কর্মসূচির আওতায় সংগৃহীতব্য পণ্য/কার্য ও সেবাসমূহের সকল দরপত্র সংশ্লিষ্ট প্রকল্পের সদর দপ্তর ও কৃষি বিপণন অধিদপ্তরের প্রধান কার্যালয় হতে বিক্রয়ের ব্যবস্থা চালু করা হবে । |

**আলোচ্য সূচী- ২ ও ৩:** প্রকল্প পরিচালক চলতি ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা সভায় উপস্থাপন করেন।

প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, সংশোধিত আরডিপিপি মোতাবেক চলতি অর্থবছরে আসবাবপত্র, ব্যবহার্য সামগ্রী ও প্রসেসিং যন্ত্রপাতি ক্রয় করার নিমিত্ত কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা ক্রয় পদ্ধতি হেড অফ প্রকিউরিং এনটিটি (HOPE) অনুমোদন করেছেন। তাছাড়া প্রকল্পের আওতায় ফিল্ড পর্যায়ে ১৮ ব্যাচ কৃষক, ব্যবসায়ী ও উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা রয়েছে। প্রকল্প পরিচালকের বর্ণনার প্রেক্ষিতে সভায় সভাপতি বলেন যে, সকল প্রকল্পের দরপত্র আহবানের পূর্বে আইটেম ভিত্তিক ব্যয় প্রাক্কলন প্রণয়নপূর্বক দ্রুত টেন্ডার আহবান করতে হবে। ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে মহাপরিচালক জেলা প্রশাসকদের দৃষ্টি আর্কষণ করেন এবং পরিশেষে বলেন যে, প্রত্যেকটি নির্মাণ কাজের গুণগতমান বজায় রাখার বিষয়ে তদারকি জোরদারকরণের নির্দেশনা প্রদান করতে হবে।

**আলোচ্যসূচি-৪ বিবিধ: প্রকেল্পের ভূমি অধিগ্রহণ ও অফিস কাম ট্রেনিং সেন্টার নির্মাণ যথাসময়ে সম্পন্ন করা চ্যালেঞ্জ:**

প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পের নির্মাণ কাজের ক্ষেত্রে গণপূর্ত বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাদের বার বার তাগিদা দেওয়ার পরও যথাসময়ে নির্মাণ কাজ সম্পন্ন করা সম্ভব হচ্ছে না। তাছাড়া প্রশাসনিক

জটিলতার কারণে ভূমি অধিগ্রহণ কার্যক্রম ত্বরান্বিত করা সম্ভব হচ্ছে না। তাছাড়া, ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া সময় সাপেক্ষ ও গণপূর্ত অধিদপ্তরের নির্মাণ কাজে ধীরগতি পরিলক্ষিত হওয়ায় প্রকল্প বাস্তবায়নে বিলম্ব হচ্ছে।

**৫.০ সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ :**

৫.১। No Cost এ আন্তঃখাত সমন্বয় করে প্রকল্পের মেয়াদ এক বছর বৃদ্ধির জন্য ডিপিপি সংশোধনের প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৫.২। গাজীপুর জেলায় ভূমির ক্ষতিপূরণ/মূল্য পরিশোধের জন্য কৃষি মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থমন্ত্রণালয়ে প্রেরিত প্রস্তাবের বিষয়ে যোগাযোগপূর্বক দ্রুত পূর্বানুমোদন প্রাপ্তির ব্যবস্থা করতে হবে।

৫.৩। প্রকল্পের আওতায় যে ১৫ (পনের)টি জেলায় ভবন নির্মাণ কাজ চলমান সেগুলির নির্মাণ কাজের গুণগতমান ও প্রকল্প মেয়াদে সম্পন্নের লক্ষ্যে তদারকি বৃদ্ধি করতে হবে।

৫.৪। দরপত্রের কার্যক্রমে প্রকল্প পরিচালকগণের সক্ষমতা বৃদ্ধি করতে হবে। দরপত্র কার্যক্রম বিধিমোতাবেক স্বচ্ছতার সাথে এবং সকল প্রকার স্বজনপ্রীতির উর্দ্ধে উঠে সম্পাদন করতে হবে। এ কাজে কোনোরকম ব্যত্যয় পরিলক্ষিত হলে সংশ্লিষ্টরা দায়ী হবেন।

৫.৫। প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে এবং মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে।

সভায় আর কোনো আলোচ্যসূচী না থাকায়, সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/২/২০২৫

মোঃ মাসুদ করিম
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি,ফার্মগেট,
ঢাকা-১২১৫।

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরকর্তক বাস্তবায়নাধীন '' কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন" শীর্ষক (১ম সংশোধিত) প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) ৯ম সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : জনাব মোঃ মাসুদ করিম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর।

সভার স্থান : সম্মেলন কক্ষ কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট,ঢাকা (Zoom Platform)।

তারিখ : ৩০/১২/২০২৪ খ্রিঃ।

সময় : ৩:০০ ঘটিকায়, রোজঃ সোমবার।

উপস্থিতিঃ (পরিশিষ্ট-"ক") কৃষি মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, আইএমইডি, একনেক অনুবিভাগ, মহাপরিচালক (কৃষি বিপণন অধিদপ্তর), এইচবিআরআই এর সংশ্লিষ্ট প্রতিনিধি এবং সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকসহ অন্যান্য কর্মকর্তা।

**১.০ উপস্থাপনাঃ**

সভাপতি উপস্থিত ও Zoom Platform এ সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক জানান যে, ''কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন" (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পটি জুলাই, ২০২১ হতে জুন, ২০২৬ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত ২১.০৮.২০২৪খ্রিঃ তারিখে কৃষি মন্ত্রণালয় হতে প্রশাসনিক মঞ্জুরী আদেশ জারি করা হয়। প্রকল্পের অনুমোদিত প্রাক্কলন ব্যয় ৭৩২০.৫০ লক্ষ টাকা। তিনি প্রকল্পের উদ্দেশ্য ও প্রধান প্রধান কার্যক্রম ধারাবাহিকভাবে উপস্থাপনা করেন।

**২.০ আলোচনাঃ**

**২.১: প্রকল্পের সংক্ষিপ্ত পরিচিতি আলোচনাঃ**

প্রকল্প পরিচালক জানান প্রকল্পটি বর্তমান পেঁয়াজের বাজার ব্যবস্থার প্রেক্ষাপটে খুবই গুরুত্বপূর্ণ। সংরক্ষণে কৃষকদের দক্ষতা বৃদ্ধি করে বছরব্যাপি পেঁয়াজের সরবরাহ নিশ্চিত করে আমদানী নির্ভরতা কমানোই প্রকল্পের মূল উদ্দেশ্য। দেশের সবচেয়ে বেশি উৎপাদনশীল ০৭ (সাত) টি জেলার (পাবনা, ফরিদপুর, রাজবাড়ি, রাজশাহী, কুষ্টিয়া, ঝিনাইদহ এবং মাগুরা) এবং ১৮ (আঠার) টি উপজেলায় কৃষকের বাড়িতে ৯০০ (নয়শত) টি সংরক্ষণ ঘর নির্মাণের (পাইলট আকারে) সংস্থান রয়েছে। পাশাপাশি পাবনা জেলায় ০৩ (তিন) টি এসেম্বল সেন্টার (সুজানগর, সাঁথিয়া, চাটমোহর) নির্মাণের সংস্থান রয়েছে। প্রতিটি সংরক্ষণাগারের জন্য ৫টি কৃষক পরিবারের ১০ জন সদস্য পেঁয়াজ সংরক্ষণের সুযোগ পাবেন এবং ১০ জনের মধ্যে ৫ জন সদস্য থাকবে নারী। এছাড়াও কৃষক, ব্যবসায়ী এবং কৃষি উদ্যোক্তাদের জন্য সংরক্ষণ ঘর রক্ষণাবেক্ষণ, সংগ্রহোত্তর ব্যবস্থাপনা এবং বিপণন বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণের সংস্থান রাখা হয়েছে।

**২.২: ২০২৪-২০২৫ অর্থবছরের প্রধান প্রধান খাত সমূহের কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনাঃ**

সভায় অবহিত করা হয় যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের এডিপি বরাদ্দ ৪৩১.০০ লক্ষ টাকা এর মধ্যে রাজস্ব ব্যয় ১৮২.০০ লক্ষ টাকা এবং মূলধন ব্যয় ২৪৯.০০ লক্ষ টাকা। জুলাই, ২০২৪ হতে ডিসেম্বর,২০২৪ পর্যন্ত) ১৫৮.৩১ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে (৩৬.৬৫%) ও ভৌত অগ্রগতি ৪০%। সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রধান প্রধান কার্যক্রমের মধ্যে রয়েছে ৩০০ (তিনশত) টি সংরক্ষণ ঘর, ৩০০ (তিনশত) টি নরমাল সাইনবোর্ড, ৩০০ (তিনশত) টি ডিজিটাল ওজনমাপক

যন্ত্র, ৩০০ (তিনশত) টি ত্রিপল, ৩০০ (তিনশত) টি বৈদ্যুতিক সরঞ্জাম ও সংযোগ, ৩০০ (তিনশত)টি হাইগ্রোমিটার, ১,৮০০ (এক হাজার আটশত) টি বৈদ্যুতিক পাখা ক্রয়সহ অন্যান্য প্রাসঙ্গিক কার্যক্রম চলমান রয়েছে।

২.৫: বিবিধঃ

কৃষি মন্ত্রণালয়ের এডিপি সভার সিদ্ধান্ত মোতাবেক ২০২৪-২৫ অর্থবছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহ ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল কর্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে। অর্থবছরের ২য় কোয়ার্টারে ক্রয় পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। দরপত্রের কার্যক্রমে প্রকল্প পরিচালকগণের সক্ষমতা বৃদ্ধি করতে হবে। দরপত্র কার্যক্রম বিধিমোতাবেক স্বচ্ছতার সাথে এবং সকল প্রকার স্বজনপ্রীতির ঊর্দ্ধে উঠে সম্পাদন করতে হবে। এ কাজে কোনো রকম ব্যাপ্তয় পরিলক্ষিত হলে সংশ্লিষ্টরা দায়ী হবেন। প্রস্তাবিত আরএডিপি মোতাবেক বাস্তবায়ন পরীবিক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কর্তৃক পরিচালিত e-PMIS এ চলমান সকল প্রকল্প পরিচালকদের প্রকল্পের চাহিত তথ্য ১৫ কার্যদিবসের মধ্যে এন্ট্রি নিশ্চিত করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। প্রকল্পের আওতায় তৈরীকৃত "সফল উদ্যোক্তাদের গল্প" বই আকারে মূদ্রণ করে কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। প্রকল্পের কর্মকর্তাগণ প্রতিমাসে প্রকল্প এলাকার মাঠ পর্যায়ের সরোজমিনে পরিদর্শণ করে প্রকল্পের অগ্রগতি বিষয়ে প্রতিবেদন দাখিল করবেন।

৩.০ সিদ্ধান্তঃ

উপস্থিত এবং সংযুক্ত সকল সদস্যের বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৩.১: প্রকল্পের আওতায় নির্মিত ২০২৪-২০২৫ অর্থবছরে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ ঘরের নির্মাণ কাজ পিপিআর এর বিধি অনুযায়ী দ্রুত সময়ের মধ্যে শেষ করতে হবে এবং পেঁয়াজ মৌসুমে সর্বাধিক সংখ্যক ঘরে পেঁয়াজ সংরক্ষণ নিশ্চিত করতে হবে;

৩.২ : ২০২৪-২৫ অর্থবছরে চলমান প্রকল্পসমূহের ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় প্রক্রিয়া যথাসময়ে অত্যন্ত স্বচ্ছতার সাথে বিধি বিধানের আলোকে সম্পন্ন করতে হবে।

৩.৩ : দরপত্রের কার্যক্রমে প্রকল্প পরিচালকগণের সক্ষমতা বৃদ্ধি করতে হবে। দরপত্র কার্যক্রম বিধিমোতাবেক স্বচ্ছতার সাথে এবং সকল প্রকার স্বজনপ্রীতির ঊর্দ্ধে উঠে সম্পাদন করতে হবে। এ কাজে কোনোরকম ব্যত্যয় পরিলক্ষিত হলে সংশ্লিষ্টরা দায়ী হবেন। এবং

৩.৪ : প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে এবং মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে।

৩.৫ : প্রকল্পের আওতায় তৈরীকৃত "সফল উদ্যোক্তাদের গল্প" বই আকারে মূদ্রণ করে কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করতে হবে।

অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/১/২০২৫

মোঃ মাসুদ করিম
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি,ফার্মগেট,
ঢাকা-১২১৫।

**বিষয় : কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ''শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন" শীর্ষক প্রকল্পের আওতায় ২০২৪-২০২৫ অর্থবছরের প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) ৪র্থ সভার কার্যবিবরণী :**

সভাপতি : জনাব মোঃ মাসুদ করিম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর।

সভার স্থান : সম্মেলন কক্ষ কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা ও (Zoom Platform)।

তারিখ : ৩০/১২/২০২৪ খ্রিঃ।

সময় : দুপুর ২:০০ঘটিকা, সোমবার।

উপস্থিতি : কৃষি মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, আইএমইডি, একনেক অনুবিভাগ এবং অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের সংশ্লিষ্ট প্রতিনিধিগণ Zoom Platform এ সংযুক্ত এবং কৃষি বিপণন অধিদপ্তরের কর্মকর্তাগণ ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দের উপস্থিতি (পরিশিষ্ট-"ক")দেখানো হয়েছে ।

**১.০ উপস্থাপনা :**

সভাপতি সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ ও Zoom Platform এ সংযুক্ত সকল কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক ড. ফাতেমা ওয়াদুদ জানান যে, **"শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন"** প্রকল্পটি অক্টোবর/২০২৩ হতে জুন/২০২৬ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের নিমিত্ত ২৯.১১.২০২৩ খ্রিঃ তারিখে কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রশাসনিক মঞ্জুরী আদেশ জারি করা হয়েছে। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৪৯০০.০০ লক্ষ টাকা। ২০২৪-২৫ অর্থবছরে প্রস্তাবিত আরএডিপিতে ১৯৭৮.০০ লক্ষ টাকার সংস্থান রয়েছে। এ সময় প্রকল্পের উদ্দেশ্য ও প্রধান প্রধান কার্যক্রম ধারাবাহিকভাবে উপস্থাপন করা হয়।

**২.০ আলোচনা :**

**২.১ প্রকল্পের সংক্ষিপ্ত পরিচিতি আলোচনা :**

প্রকল্প পরিচালক জানান **"শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন"** প্রকল্পটি খুবই গুরুত্বপূর্ণ। তিনি জানান কৃষকের উৎপাদিত ফসল গুদামে সংরক্ষণের বিপরীতে কৃষকদেরকে প্রাতিষ্ঠানিক ঋণ সুবিধা প্রদান করা হয়। দেশের ২৭টি জেলার ৫৬ টি উপজেলার ৮১ টি গুদাম কার্যক্রম চলমান রয়েছে। কৃষক, উপকারভোগী ও কৃষি উদ্যোক্তাদের জন্য শস্য গুদামে ফসল সংরক্ষণ, রক্ষণাবেক্ষণ, সংগ্রহোত্তর ব্যবস্থাপনা এবং বিপণন বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণের সংস্থান রাখা হয়েছে। এছাড়াও গুদাম রক্ষক, গুদাম উপদেষ্টা কমিটি, অগ্নি নির্বাপক যন্ত্র ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ প্রদানের সংস্থান রাখা হয়েছে।

**২.২ ২০২৪-২০২৫ অর্থবছরের প্রধান প্রধান খাত সমূহের কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা :**

সভায় অবহিত করা হয় যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের আরএডিপি বরাদ্দ ১৯৭৮.০০ লক্ষ টাকা এর মধ্যে রাজস্ব ব্যয় ৪৬০.০০ লক্ষ টাকা এবং মূলধন ব্যয় ১৫১৮.০০ লক্ষ টাকা। ২০২৪-২০২৫ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রধান প্রধান ১৩টি কার্যক্রমের মধ্যে ১২টি উন্মুক্ত দরপত্র আহবান সম্পন্ন হয়েছে। উল্লেখ্য, উন্মুক্ত দরপত্র আহবানের মাধ্যমে ৮১টি কম্পিউটার ক্রয়, অন্যান্য মনিহারি দ্রব্যাদি সংগ্রহ, স্টেশনারী, সিল ও ষ্ট্যাম্প জাতীয় দ্রব্য সামগ্রী সংগ্রহের কার্যাদেশ প্রদান করা হয়েছে। এছাড়াও আসবাবপত্র সংগ্রহের মূল্যায়ন কাজ সম্পন্ন হয়েছে এবং মূল্যায়ন কমিটির কার্যবিবরণীর

সুপারিশ হোপ কর্তৃক অনুমোদন প্রক্রিয়াধীন রয়েছে। স্বল্প মূল্যের দরপত্র (কোটেশন) আহবানের মাধ্যমে ৭৯টি অগ্নি নির্বাপক যন্ত্র; পোস্টার মুদ্রন; আসবাবপত্র মেরামত; ১টি প্রচার বিজ্ঞাপন ও ডকুমেন্টরী; অন্যান্য মেরামত (মেশিনারিজ ও ইকুইপমেন্ট); কম্পিউটার ও অফিস সরঞ্জাম মেরামত; অন্যান্য মেরামত; টেলিফোন, ফ্যাক্স, ইন্টারনেট সংযোগসহ অন্যান্য কাজ সম্পন্নের জন্য কার্যাদেশ প্রদান করা হয়েছে। এছাড়াও ৪ ব্যাচ (প্রতি ব্যাচে ২০জন) গুদাম উপদেষ্টা কামিটির সতেজক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। অন্যান্য প্রশিক্ষণ কার্যক্রম ও ২টি আঞ্চলিক পর্যায়ের সেমিনার ক্যালেন্ডার অনুযায়ী সম্পাদনের জন্য নির্দেশনা দেয়া হয়েছে। এছাড়া ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনায় অন্তর্ভূক্ত ৮১টি বাইসাইকেল (কোড-৪১১২১০১, বরাদ্দ-১৪.৬০ লক্ষ টাকা) ক্রয় বাবদ অর্থ মন্ত্রণালয়ের জারিকৃত পরিপত্র মোতাবেক বিধি নিষেধ থাকায় ক্রয় কার্য সম্ভব হয়নি। এছাড়াও পেট্রোল ও লুব্রিক্যান্ট খাতের ১.০০ লক্ষ টাকা হতে ০.২০ হাজার টাকা কম বরাদ্দ পাওয়ার কারণে ২০২৩-২০২৪ অর্থ বছরের বরাদ্দকৃত ২৫০.০০ লক্ষ টাকা হতে উপযোজনকৃত ৪৪.০০ লক্ষ টাকা বাদে ২০৬.০০ লক্ষ টাকা হতে ১৪.৬০ লক্ষ টাকা এবং ০.২০ হাজার টাকা ক্রয় কার্য সম্ভব হয়নি।

**"শস্য গুদাম আধুনিকীকরণ ও ডিজিটালাইজেশন"** শীর্ষক প্রকল্পে ২০২৪-২৫ অর্থ বছরে এডিপি মোতাবেক মোট ১৮.৬৫ কোটি টাকা বরাদ্দ ছিল। নভেম্বর, ২০২৪ পর্যন্ত ৮.৯৩ কোটি (৪৭.৮৮%) টাকা ছাড় করা হয়। তন্মধ্যে নভেম্বর, ২০২৪ পর্যন্ত ১.২০ কোটি (৬.৪৩%) টাকা ব্যয় করা হয়। কৃষি মন্ত্রণালয়ের এডিপি সভার সিদ্ধান্ত মোতাবেক ২০২৪-২৫ অর্থবছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহ ক্রয় পরিকল্পনা অনুযায়ী সকল কর্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে। অর্থবছরের ২য় কোয়ার্টারে ক্রয় পরিকল্পনা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। দরপত্রের কার্যক্রমে প্রকল্প পরিচালকগণের সক্ষমতা বৃদ্ধি করতে হবে। দরপত্র কার্যক্রম বিধিমোতাবেক স্বচ্ছতার সাথে এবং সকল প্রকার স্বজনপ্রীতির উর্দ্ধে উঠে সম্পাদন করতে হবে। এ কাজে কোনো রকম ব্যাত্যয় পরিলক্ষিত হলে সংশ্লিষ্টরা দায়ী হবেন। প্রস্তাবিত আরএডিপি মোতাবেক বাস্তবায়ন পরীবিক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কর্তৃক পরিচালিত e-PMIS এ চলমান সকল প্রকল্প পরিচালকদের প্রকল্পের চাহিত তথ্য ১৫ কার্যদিবসের মধ্যে এন্ট্রি নিশ্চিত করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন। প্রকল্পের আওতায় তৈরীকৃত "সফল উদ্যোক্তাদের গল্প" বই আকারে মূদ্রণ করে কৃষি বিপণন অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

২.৩ গত প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের অগ্রগতি নিম্নে উপস্থাপন করা হলো :

| ক্র: নং | সিদ্ধান্তসমূহ | প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১। | মন্ত্রণালয়ের এডিপি সভার সিদ্ধান্ত মোতাবেক ২০২৪-২৫ অর্থবছরের এডিপিভূক্ত প্রকল্পসমূহ প্রকল্পের সময়ভিত্তিক এবং বাস্তবায়নযোগ্য বার্ষিক কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা দ্রুততম সময়ে প্রস্তুত ও চূড়ান্ত করে সেপ্টেম্বর,২০২৪ মাসের মধ্যে সকল দরপত্র আহবান করতে হবে। | সিদ্ধান্ত ১ এর নির্দেশনা অনুযায়ী ১৩টি দরপত্রের মধ্যে ১২টি দরপত্র আহবান করা হয়েছে। ১টি দরপত্রের (সিঙ্গেল সোর্স এর মাধ্যমে) প্রক্রিয়াধীন আছে। ইতোমধ্যে ৩টি দরপত্রের কার্যাদেশ প্রদান করা হয়েছে। |
| ২। | কৃষি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়নাধীন সকল প্রকল্পের ২০২৪-২৫ অর্থ বছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুতপূর্বক সচিব, কৃষি মন্ত্রণালয়ে বরাবর প্রেরণ করতে হবে। | সিদ্ধান্ত ২ এর নির্দেশনা অনুযায়ী প্রেরণ করা হয়েছে। |
| ৩। | প্রকল্পের আওতায় সংগৃহীতব্য পণ্য/কার্য ও সেবাসমূহের ক্রয়কারী প্রাক-যোগ্যতার আদর্শ | সিদ্ধান্ত ৩ এর নির্দেশনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। |

| | | |
|---|---|---|
| | দলিলসমূহ (Stndard Documents) ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE) কর্তৃক অনুমোদন, দরপত্র আগ্রহব্যক্তকরণের অনুরোধ সম্বলিত বিজ্ঞাপন পিপিআর-২০০৮ এর বিধি ৯০ (২) মোতাবেক ছকে অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে ও প্রত্রিকা প্রকাশ করতে হবে। | |
| ৪। | প্রকল্পের আওতায় সংগৃহীতব্য পণ্য/কার্য ও সেবাসমূহের সকল দরপত্র সংশ্লিষ্ট প্রকল্পের সদর দপ্তর ও কৃষি বিপণন অধিদপ্তরের প্রধান কার্যালয় হতে বিক্রয়ের ব্যবস্থা চালু করতে হবে। | সিদ্ধান্ত ৪ এর নির্দেশনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। |

৩.০ সিদ্ধান্ত : উপস্থিত এবং সংযুক্ত সকল পিআইসি সভার সদস্যের বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্মোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

৩.১ : সভায় উপস্থাপিত ২০২৪-২৫ অর্থ বছরের আরএডিপির আলোকে ক্রয় ও কর্ম পরিকল্পনা অনুযায়ী আর্থিক ও ভৌত অগ্রগতি শতভাগ সম্পন্ন করতে হবে;

৩.২ : ২০২৪-২৫ অর্থবছরে চলমান প্রকল্পসমূহের ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় প্রক্রিয়া যথাসময়ে অত্যন্ত স্বচ্ছতার সাথে বিধি বিধানের আলোকে সম্পন্ন করতে হবে।

৩.৩ : দরপত্রের কার্যক্রমে প্রকল্প পরিচালকগণের সক্ষমতা বৃদ্ধি করতে হবে। দরপত্র কার্যক্রম বিধিমোতাবেক স্বচ্ছতার সাথে এবং সকল প্রকার স্বজনপ্রীতির উর্দ্ধে উঠে সম্পাদন করতে হবে। এ কাজে কোনোরকম ব্যত্যয় পরিলক্ষিত হলে সংশ্লিষ্টরা দায়ী হবেন। এবং

৩.৪ : প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে শেষ করতে হবে এবং মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে।

অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/১/২০২৫

মোঃ মাসুদ করিম
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর।